



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৫/৭৬৯৯

তারিখঃ ২০ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

বৌয়ারা ফাজিল মাদরাসা, ডাকঘরঃ আনন্দপুর, উপজেলাঃ আদর্শ সদর, জেলাঃ কমিল্লা-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৭.০৪.২০১৯ খ্রি. তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রি. থেকে ৩০.০৬.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলোঃ

শর্তসমূহ :

১. অধ্যক্ষের জন্য আলাদা সু-সজ্জিত কক্ষ ও সংযুক্ত টয়লেটের ব্যবস্থা করতে হবে।
২. আইসিটি ল্যাব স্থাপন করতে হবে।
৩. ক্যাশ কলাম বই হালনাগাদ করতে হবে।
৪. গ্রন্থাগারে বইয়ের সংখ্যা বাড়াতে হবে।
৫. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৬. শ্রেণিকক্ষে মূল কিতাব/বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে।
৭. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
৮. ইলমে তাজবীদ ও আরবি ভাষা শিক্ষার প্রতি শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
৯. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে


০৭.১১.১৭

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতি: দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

বৌয়ারা ফাজিল মাদরাসা


ডাকঘরঃ আনন্দপুর, উপজেলাঃ আদর্শ সদর, জেলাঃ কমিল্লা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৫/৭৬৯৯

তারিখঃ ২০ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দফতর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, বৌয়ারা ফাজিল মাদরাসা, ডাকঘরঃ আনন্দপুর, উপজেলাঃ আদর্শ সদর, জেলাঃ কমিল্লা।
- ৮। অফিস নথি।


০৪/১১/১৯

(এস.এফ.এম. আস্বাদ আউয়াল)

সেকশন অফিসার
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল: ০১৬২৭-৮৬৩৬০১